

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় অস্বাস্থ্যকর পরিবেশে বিস্কুট উৎপাদন, ৫ লাখ টাকা জরিমানা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ভ্রাম্যমাণ আদালত

ছবি সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার নন্দনপুর বাজার এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন ও পচা-নষ্ট খাবার সংরক্ষণের দায়ে ৫ লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার (১৯ আগস্ট) জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হোসেন আলীর নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে দেখা যায়, কারখানাটিতে অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে বিস্কুটসহ বিভিন্ন খাদ্যপণ্য উৎপাদন করা হচ্ছিল। উৎপাদিত খাদ্যপণ্যের মোড়কে উৎপাদনের তারিখ উল্লেখ করা হয়নি।

এছাড়া বাজার থেকে ফেরত আসা পচা ও নষ্ট বিস্কুট ও রুটি নতুন উৎপাদিত খাদ্যপণ্যের
এ ধরনের কর্মকাণ্ড জনস্বাস্থ্য ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার জন্য ঝুঁকিপূর্ণ এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ।

পরে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী [নিউ সুরচী বিস্কুট ফ্যাক্টরি]কে ৫ লাখ টাকা অর্থদণ্ড করা হয়। জরিমানা অনাদায়ে ৩ মাসের
বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেওয়া হয়।

এ সময় প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে স্বাস্থ্যসম্মত পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন, পণ্যের মোড়কে উৎপাদনের তারিখসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ এবং
বাজার থেকে ফেরত আসা বা পচনশীল খাদ্যপণ্য নতুন পণ্যের সঙ্গে সংরক্ষণ বা ব্যবহার না করার বিষয়ে কঠোর নির্দেশনা দেওয়া হয়।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২.২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-osbasthjkpr-pribeshe-biskut-utpadn-5-lakh-taka-jrimana>